

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নির্বাহী প্রকৌশলী, সওজ এর কার্যালয়
সড়ক বিভাগ, ঝালকাঠি।
E-mail: eejha@rhd.gov.bd

স্মারক নং-৩৫.০১.৪২৪০.৪৩২.০৪.০২২.২০২১-১৭৩৫


তারিখঃ ২৩/১০/২০২৪

“সীমিত দরপত্র পদ্ধতিতে (LTM) ঠিকাদার তালিকাভুক্তি/লাইসেন্স নবায়ন সংক্রান্ত বিজ্ঞপ্তি (২য় পর্যায়)”

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সড়ক বিভাগ, ঝালকাঠি কর্তৃক পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা-২০০৮ এর আলোকে সীমিত দরপত্র পদ্ধতির আওতায় ২০২৪-২০২৫ অর্থবছরের জন্য ঠিকাদার তালিকাভুক্ত করা হবে। সিপিটিইউ কর্তৃক নির্ধারিত আবেদন ফরম অত্র দপ্তর হতে অফিস চলাকালীন সময়ে সরবরাহ করা হবে। অগ্রহী ব্যক্তি/ প্রতিষ্ঠান মানি রিসিট এর মাধ্যমে ১,০০০/- (একহাজার) টাকার পরিশোধ করতঃ নির্ধারিত আবেদনপত্র (ডকুমেন্ট) সংগ্রহ করতে পারবেন। উক্ত ডকুমেন্ট সঠিকভাবে পূরণ করে প্রয়োজনীয় কাগজপত্রসহ আগামী ১৪/১১/২০২৪ইং তারিখ বিকাল ৩-০০ ঘটিকার মধ্যে অত্র দপ্তরে জমা প্রদান করার জন্য অনুরোধ করা হলো।

উল্লেখ্য যে, সীমিত দরপত্র পদ্ধতি প্রয়োগের ক্ষেত্রে পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা-২০০৮ এর বিধি ৬৩ অনুসরণযোগ্য এবং এ তালিকাভুক্তিকরণ দরপত্র আহবান/কাজ প্রদানের নিশ্চয়তা বিধান করে না।

উল্লেখ্য যে, ইতোপূর্বে অত্র দপ্তরের তালিকাভুক্ত ঠিকাদারগণ ২০২৪-২০২৫ অর্থবছরের জন্য লাইসেন্স নবায়ন ফি বাবদ টাকা ২,০০০/- (দুইহাজার) + ১৫% ভ্যাটসহ বিনা জরিমানায় আগামী ২৮/১১/২০২৪ইং তারিখের মধ্যে অত্র দপ্তরে জমা প্রদানপূর্বক লাইসেন্স নবায়ন করার জন্য অনুরোধ করা হলো।



(শাহরিয়ার শরীফ খান)
পরিচিতি নং-৬০২২৪৭
নির্বাহী প্রকৌশলী, সওজ, (চঃদাঃ)
সড়ক বিভাগ, ঝালকাঠি।

স্মারক নং-৩৫.০১.৪২৪০.৪৩২.০৪.০২২.২০২১-১৭৩৫/১(১৩)


তারিখঃ ২৩/১০/২০২৪

অনুলিপি সদয় জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :-

- ১। প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা।
- ২। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সওজ, বরিশাল জোন, বরিশাল।
- ৩। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, সওজ, সড়ক সার্কেল, বরিশাল।
- ৪। জেলা প্রশাসক, ঝালকাঠি।
- ৫। পুলিশ সুপার, ঝালকাঠি।
- ৬। নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ/ এলজিইডি/ পানি উন্নয়ন বোর্ড/ জনস্বাস্থ্য বিভাগ, ঝালকাঠি।
- ৭। সিনিয়র কম্পিউটার সিস্টেম এনালিস্ট, ম্যানেজমেন্ট ইনফরমেশন সেল, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা। তাঁকে বিজ্ঞপ্তিটি সওজ'র ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।

অনুলিপি জ্ঞাতার্থে ও কার্যার্থে :-

- ১। উপ-বিভাগীয় প্রকৌশলী, সওজ, সড়ক উপ-বিভাগ, ঝালকাঠি।
- ২। বিজ্ঞাপন ব্যবস্থাপক, বিজ্ঞপ্তি খানা তাঁর পত্রিকায় (৪ কলাম x ৫ ইঞ্চি) একবার প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
 - ক. দৈনিক বাংলাদেশ প্রতিদিন, পুট নং-৩৭১/এ, ব্লক-ডি, বসুন্ধরা আ/এ, বারিধারা, ঢাকা।
 - খ. The Daily Star, 64-65, Kazi Nazrul Islam Avenue, Dhaka-1215
 - গ. দৈনিক অজানা বার্তা, ঝালকাঠি।



(শাহরিয়ার শরীফ খান)
নির্বাহী প্রকৌশলী, সওজ, (চঃদাঃ)
সড়ক বিভাগ, ঝালকাঠি।